# আগামীবছর ৩৫ কোটি পাঠ্যবই বিতরণ হবে

**এম এইচ রবিন**

আগামী ২০২০ শিক্ষাবর্ষে প্রাক-প্রাথমিক থেকে মাধ্যমিক পর্যন্ত শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হবে ৩৫ কোটি ৩০ লাখ ১৪ হাজার ৪৪৪টি পাঠ্যপুস্তক। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) নির্ভরশীল একটি সূত্রে এ তথ্য পাওয়া গেছে।

জানা গেছে, আগামী ২০২০ শিক্ষাবর্ষে ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য তাদের মাতৃভাষায় প্রণীত তৃতীয় শ্রেণির 'বাংলা' বিষয়ের পাঠ্যপুস্তক বিতরণ করা হবে। গত বছর দ্বিতীয় শ্রেণি পর্যন্ত তাদের মাতৃভাষায় পাঠ্যপুস্তক দেওয়া হয়েছিল। ২০২০ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক প্রসঙ্গে এনসিটিবি চেয়ারম্যান গতকাল আমাদের সময়কে জানান, নতুন পাঠ্যপুস্তক মুদ্রণ, বাঁধাই, সব জেলা-উপজেলায় সরবরাহ সমাপ্তির জন্য ডেডলাইন নির্ধারণ করা হয়েছে ১৫ নভেম্বর। সেই অনুযায়ী বই ছাপানোর কর্মযজ্ঞ চলছে। কঠোরভাবে তদারক করছে এনসিটিবির মনিটরিং টিম। ইতোমধ্যে ৩৪ লাখ ৭৬ হাজার পাঠ্যবই ছাপা, বাঁধাই সম্পন্ন করে জেলা-উপজেলায় পৌঁছানো হয়েছে। বিগত বছরে কাগজ সরবরাহে সংকটের অভিযোগ করে দায়িত্বপ্রাপ্ত ছাপাখানাগুলো বই ছাপা নিয়ে গড়িমসি করে। এবার যে কোনো ধরনের সংকট সৃষ্টি প্রতিরোধে

এনসিটিবি সতর্ক আছে বলেও
জানান বোর্ড চেয়ারম্যান।
এনসিটিবির তথ্যানুযায়ী, আগামী
বছর

■ এরপর পৃষ্ঠা ১১, কলাম ৬

শেয়ার পরের অংশ